রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৭৫৲ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে আশ্বিন বুধবার, ১৩৭৩ ইং 12th Oct 1966 { ২১শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া বা ... ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।


খাস জনতা
কেরোসিন কুকার
বিপুলতা আছেই।
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
স্থলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৫শে আশ্বিন বুধবার সন ১৩৭৩ সাল।

## রাস্তা ও সাঁকোর দুরবস্থা

—•—

মুর্শিদাবাদ জেলা পরিষদের সাগরদীঘি থানার মোড়গ্রাম—খৈরাটী রাস্তায় হোসেন শাহ বাদশাহের সময়ে (প্রায় ২৫০ শত বৎসর পূর্ব্বে) নিম্মিত "গোবরার সাঁকো" শীঘ্রই গোগাড়ী চলাচলের অযোগ্য হইয়া পড়িবে। সাঁকোর উপরের গাঁথনী ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হইয়া গর্ত্ত হইবার উপক্রম হইয়াছে। এ অঞ্চলে এই রাস্তা ভিন্ন দ্বিতীয় রাস্তা নাই। সাঁকোটীর অবিলম্বে সংস্কার একান্ত আবশ্যক।

সেখদীঘি—আথুয়া রাস্তায় বেলড়িয়া গ্রামের পশ্চিম দিকে ১৯ এ ক্যানেলের জলে রাস্তার কতকাংশ কাঁদরের আকার ধারণ করে। ইহার আশু প্রতিকার আবশ্যক।

## যে তিমিরে সেই তিমিরে

গত ১৭ই আগষ্ট, ১৯৬৬ তারিখের "জঙ্গিপুর সংবাদে" মোড়গ্রাম রেল-ষ্টেশনের সম্মুখে রেল লাইনের পাশ দিয়া জাতীয় সড়ক পর্য্যন্ত জেলা পরিষদের কাঁচা রাস্তাটীর ব্যবধান আনুমানিক ৫ রশি (৪০০ হাত)। ঐ রাস্তায় বর্ষার বৃষ্টিতে কাদা হওয়ায় মোটর বাস ষ্টেশন পর্য্যন্ত চলাচল করিতে না পারায় প্রত্যহ অসংখ্য যাত্রীর কষ্টের কথা উল্লেখ করা হইয়াছে। অদ্যাবধি জেলা পরিষদ ঐ রাস্তা মেরামত সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন আছেন।

জেলা পরিষদের অস্থায়ী ইঞ্জিনিয়ার শ্রীসঞ্জীব চৌধুরী মহাশয়কে বলিতে ইচ্ছা করে :—

**Remember Your Childhood**

জঙ্গিপুর মহকুমায় আপনি সব-ওভারসিয়র পদে কার্য্য করিয়া পরে ওভারসিয়র পদে উন্নীত হন। জেলা পরিষদের সভায় রাস্তা সংস্কার সম্বন্ধে প্রশ্ন উঠিলে কোন্ রাস্তার প্রসঙ্গে কথা হচ্ছে আপনি ঠিক বুঝতে না পারার মত ভান করেন। এই মহকুমা সম্বন্ধে উদাসীন হবেন না। এখানকার সঙ্গে আপনি ওতপ্রোত ভাবে জড়িত। ভগবানের নাম স্মরণ করে জঙ্গিপুর মহকুমার রাস্তাঘাট সম্বন্ধে একটু সচেতন হউন।

---

## ধানের দাম ২০৲ থেকে ২২৲ হওয়া উচিত

### সরকারী কমিটির সামনে ডাঃ শ্রীকুমারের সাক্ষ্য

পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক গঠিত তদন্ত কমিশনের মেম্বার হচ্ছেন হাইকোর্টের তিনজন ভূতপুর্ব্ব বিচারপতি। কলিকাতা হাইকোর্টের ভূতপুর্ব্ব প্রধান বিচারপতি ঐ কমিশনের চেয়ারম্যান। কমিশনের সামনে ১৫ই সেপ্টেম্বর সাক্ষী দিয়েছেন—পশ্চিমবঙ্গ বিধান সভার কংগ্রেসী দলের এম-এল-সি ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের নামজাদা অধ্যাপক। তিনি তাঁর সাক্ষ্যে বলেছেন—

"The price of paddy should have been fixed at between Rs. 20 and 22 a maund." অর্থাৎ ধানের দাম ২০৲ থেকে ২২৲ মণ ধার্য্য করা সরকারের উচিত ছিল।

সেই জায়গায় ধানের দাম সরকার বেঁধে দিয়েছিলেন ১৫॥০ মণ। একচেটিয়া ভাবে ধান কেনার ষোল আনা অধিকার সরকার নিজের হাতে নিয়েছেন। আর সেই ধান থেকে চাল তৈরী করে রেশনের দোকানে আজগুবি চড়া দামে সরকার বিক্রী করছেন। সরকার ঐ আগুনের দামে চাল বিক্রী করলে মুনাফাখোরী হয় না—কিন্তু চাষী সরকারকে ১৫॥০ টাকায় বিক্রী না করে যদি বাজার দরে বিক্রী করে, তবে সেটা মস্তবড় অপরাধ ?

ডাঃ বন্দ্যোপাধ্যায় জজেদের সামনে তাঁর সাক্ষ্যে বলেছেন—"The Cordoning system had turned a large number of Villagers into law breakers." অর্থাৎ কর্ডনিং ব্যবস্থা বিশাল সংখ্যক গ্রামবাসীকে আইন লঙ্ঘনকারী হতে শিখিয়েছে। সাক্ষীর এই কথা বর্ণে বর্ণে সত্য। মাথার ঘাম পায়ে ফেলে উৎপন্ন করা ধানের জন্য চাষী যার কাছে উঁচু দাম পাবে—তাকেই বিক্রী করবে। জোর করে সরকার ১৫॥০ টাকায় কিনতে চাইলে—মানুষের স্বধর্ম্ম নয় গদ গদ চিত্তে ঐ ধান সরকারের হাতে তুলে দেওয়া। যে সরকার সেটা প্রত্যাশা করে সে চরম ন্যাকা ও বেয়াকুব। যে চাষী বিক্রী করে সেও তাই।

সরকার পক্ষেরই লোক ডাঃ বন্দ্যোপাধ্যায় (সরকার বিরোধী পক্ষের লোক নয়) কমিশনের সামনে বলেছেন ধানের মণ ২০৲ থেকে ২২৲ ধার্য্য করা উচিত ছিল।

---

## মাধ্যমিক স্কুল আবার চালু হল

এক মাস পর ১০ই অক্টোবর সোমবার আবার মাধ্যমিক স্কুল খুলেছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন স্কুলে মাধ্যমিক শিক্ষকগণ ১০ই সেপ্টেম্বর থেকে কর্মবিরতি শুরু করেছিলেন। আন্দোলন প্রত্যাহারের পর শিক্ষকগণ স্কুলের কার্য্যে যোগদান করিয়াছেন। ছাত্রছাত্রীরাও ঘন্টা বাজার সঙ্গে সঙ্গে ক্লাসে হাজির। এক মাস পর স্কুলে স্বাভাবিক অবস্থা ফিরে আসায় অভিভাবকরাও স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন।

---

## চেনা মুখ

প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এখন উত্তর বাংলায়। শত শত মানুষ তাঁকে দেখতে ছুটেছেন। ডেপুটি কমিশনার অফিসের পিওন নন্দলালও তাঁদেরই একজন। ১৯৩০ সালে শ্রীমতী ইন্দিরা যখন শান্তিনিকেতনের ছাত্রী ছিলেন, নন্দলালও তখন সেখানে। তিনি তখন গুরুদেব রবীন্দ্রনাথের দেহরক্ষীর কাজ করতেন। সেই সঙ্গে তাঁর আর একটি কাজ ছিল—শ্রীমতী ইন্দিরাকে বিদ্যায়তন থেকে ছাত্রী-আবাসে পৌছিয়ে দেওয়া। শ্রীমতী ইন্দিরা তাঁকে 'কালুভায়া' বলে ডাকতেন।

---

## রঘুনাথগঞ্জ সার্বজনীন দুর্গোৎসব—১৩৭২

### আয়ব্যয়ের হিসাব

জমা—চাঁদা আদায়—১০৪৮.০০

খরচ—প্রতিমা ১৮৬.০০, মণ্ডপ নির্মাণ ১৪৯.১৪ পূজা ২১১.২২, প্রতিমা নিরঞ্জন ৪৭.৪৬, বাজনা ৭০.০০, আলোকসজ্জা ৮৭.৪৪, আমোদ-প্রমোদ ২০.৯৬, নরনারায়ণ সেবা ৯৮.৪৮, লক্ষ্মীপূজা ২৪.৩৩ বিবিধ ৩০.৬২, মোট—৯২৫.৬৫ উদ্বৃত্ত ১২২.৩৫ সর্ব্বমোট—১০৪৮.০০

শ্রীপার্বতীচরণ মুখোপাধ্যায়, সভাপতি
শ্রীবরুণ রায়, সম্পাদক

---

### মনুমেণ্টে বন্দী

মনুমেণ্ট থেকে কলকাতা দেখার জন্য রবিবার তিন বন্ধুর সাধ জেগেছিল। ভাগ্যের জোরে মনুমেণ্টের গেটও খোলা ছিল। তিন বন্ধু ঘুরপাক খেতে খেতে উপরে উঠে শহর দর্শন করলেন। কিন্তু নেমে এসে দেখেন, বাইরে থেকে বন্ধ। ঘণ্টাখানেক চীৎকারের পর দমকলবাহিনী এসে দরজার তালা ভেঙে বেচারিদের উদ্ধার করে।

---

### চণ্ডীপাঠ

বিহারের সংস্কৃত-শিক্ষকরা সরকারী পিওনের বেতনের চেয়েও অর্দ্ধেক বেতন পান। আজ বিহার বিধান পরিষদে এই তথ্য প্রকাশ করে। শিক্ষক প্রতিনিধি শ্রীবৃন্দপ্রসাদ রায় বীরেন্দ্র জানান যে সংস্কৃত শিক্ষকরা বেতন বৃদ্ধি ও তাঁদের বেতন হার সংশোধনের জন্য শীগগীরই এক নাগাড়ে চণ্ডীপাঠ করে যাবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

---

### সঙ্গীতে সাফল্য

বহরমপুর গিরিজাশঙ্কর সঙ্গীত সম্মিলনীর অনুষ্ঠিত প্রতিযোগিতায় খেয়াল সঙ্গীতে জঙ্গিপুর সব-ট্রেজারীর অন্যতম কর্ণিক শ্রীসমীর দাস দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন। তাঁহার সাফল্যে আমরা আনন্দিত হইয়াছি।

---

## Sale Notice.

Two Police Vehicles No. WGQ-216 (Ford 3 tonner truck, 1945 model) and WGQ-215 (Dodge weapon carrier, Army disposal) will be sold in auction at Police Lines, Berhampore, District Murshidabad on 4. 11. 66 at 15.00 hrs. The intending buyers may see the vehicles at the Police lines on any working day between 10.00 hrs to 17.00 hrs. Full payment should be made by the highest bidder immediately after the bid is accepted.

Sd/- P. K. Basu
Superintendent of Police,
Murshidabad.

4. 10. 66

---

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

২৯৯/৬৬ অন্য মোকর্দ্দমা

বাদী—আলি মহম্মদ সেখ

বিবাদী—অহেদ সেখ

এতদ্দ্বারা কুলি মৌজার থানা ফরাক্কার অধিবাসীগণ জনসাধারণকে অবগত করা হইতেছে যে থানা ফরাক্কা অধীন প্রকাশ্য নাম ব্রাহ্মণগ্রাম নিবাসী আলি মহম্মদ সেখ পিতা মৃত জাগির সেখ এই আদালতে থানা ফরাক্কা অধীন মৌজে কুলি মধ্যে ১০৫০নং খতিয়ানের ১১৩৯/৫০২৩ দাগের ২৫ শতক ভূমি সাধারণের ব্যবহার্য রাস্তার স্বরূপে বর্ত্তমান রেকর্ড ভ্রমাত্মক হওয়া সাব্যস্থ ও চিরস্থায়ী নিষেধাজ্ঞা প্রাপন জন্য দেঃ কাঃ আইনের অর্ডার ১ রুল ৮ মতে নালিশ দায়ের করিয়াছেন তাহাতে সাধারণের কোন আপত্তি থাকিলে আগামী ৩০।১১।৬৬ তারিখে দর্শাইবেন। জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া গেল।

By Order
H. K. Roy, Sheristadar,
2nd Munsif's Court, Jangipur.

---

## নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে জঙ্গিপুর মহকুমার ফেরীঘাট ও খুটাগাড়ী ঘাটসমূহ নিম্নবর্ণিত স্থানে, তারিখে ও সময়ে প্রকাশ্য ডাকে সন ১৩৭৪ সালের জন্য ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। নিলামে অংশ গ্রহণেচ্ছু ব্যক্তিগণ জঙ্গিপুর মহকুমার সরকারী অফিস সমূহে ও অঞ্চল পঞ্চায়েত অফিসগুলিতে নিলামের সর্তাবলী সংশ্লিষ্ট থানার ঘাটসমূহের তালিকা দেখিতে পাইবেন।

রঘুনাথগঞ্জ সার্কেলের ফেরীঘাট সমূহ ইংরাজী ৩. ১১. ৬৬ ও ৪. ১১. ৬৬ তারিখে সকাল ১০টা হইতে। স্থান—জে, এল, আর, ও, অফিস—রঘুনাথগঞ্জ।

সাগরদীঘি সার্কেলের ফেরীঘাট সমূহ ইংরাজী ৭. ১১. ৬৬ তারিখে সকাল ১০টা হইতে। স্থান—জে, এল, আর, ও, অফিস—সাগরদীঘি।

ধুলিয়ান সার্কেলের ফেরীঘাট সমূহ ইংরাজী ৯. ১১. ৬৬ ও ১০. ১১. ৬৬ তারিখে সকাল ১০টা হইতে। স্থান—জে, এল, আর, ও, অফিস—ধুলিয়ান।

Sd/- G. P. Sanyal
For Subdivisional Officer,
Jangipur.

5. 10. 66

---

## নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে রঘুনাথগঞ্জ থানার অধীন নিম্নলিখিত তহবাজার ও সমসেরগঞ্জ থানার অধীন প্রতাপগঞ্জ হাট নিম্নলিখিত স্থানে, তারিখে ও সময়ে প্রকাশ্য ডাকে সন ১৩৭৪ সালের জন্য ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। নিলামে অংশ গ্রহণেচ্ছু ব্যক্তিগণ ইস্তাহারে বর্ণিত যাবতীয় সর্তাবলী নোটীশ জঙ্গিপুর মহকুমার সরকারী অফিস সমূহে দেখিতে পাইবেন।

১। রঘুনাথগঞ্জ তহবাজার ইংরাজী ৪. ১১. ৬৬ তারিখে সকাল ১০টা হইতে। নিলামের স্থান—জে, এল, আর, ও, অফিস—রঘুনাথগঞ্জ।

২। প্রতাপগঞ্জ হাট—ইংরাজী ৯. ১১. ৬৬ তারিখে সকাল ১০টা হইতে। নিলামের স্থান—জে, এল, আর, ও, অফিস—ধুলিয়ান।

Sd/- G. P. Sanyal
For Subdivisional Officer,
Jangipur.

5. 10. 66



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)


---


অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ,**
গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ,
কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-
অপারেটিভ রুরাল সোসাইটী,
ব্যাঙ্কের যাবতীয় ফরম ও
রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

**রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে
ডেলিভারী দেওয়া হয়**

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও গোডাউন
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬


---


## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুশিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত


---


আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)